

শিগগিরই ঢাকা-কলম্বো ক্রুজ সার্ভিস ও সরাসরি ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 05 November, 2021



মহামারি করোনার প্রভাব কাটিয়ে পর্যটন ও ব্যবসার প্রসার বাড়াতে বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে চালু হচ্ছে একটি ক্রুজ সার্ভিস ও সরাসরি ফ্লাইট। শ্রীলঙ্কান পর্যটন মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে।

বাংলাদেশের হাইকমিশনার তারেক মো. আরিফুল ইসলাম এবং দেশটির পর্যটনমন্ত্রী প্রসন্ন রানাতুঞ্জার মধ্যে অনুষ্ঠিত এক বৈঠকে এ তথ্য জানানো হয়।

সিদ্ধান্ত অনুযায়ী ভবিষ্যতে দুই দেশের মধ্যে ক্রুজ সার্ভিস চালুর সিদ্ধান্ত হয়।

পর্যটনমন্ত্রী রানাতুঞ্জা বলেছেন, বিমস্টেক এবং সার্কের মতো আঞ্চলিক সম্মেলনের মাধ্যমে দক্ষিণ এশীয় অঞ্চলে পর্যটন শিল্পের উন্নয়নে আরও মনোযোগ দেওয়া উচিত।

অন্যদিকে হাইকমিশনার আরিফুল ইসলাম বলেন, দুই দেশের মধ্যে পর্যটন সংক্রান্ত একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হবে বলে আশা করা হচ্ছে।

বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে সরাসরি ফ্লাইট চালু করতে বাংলাদেশের একটি বেসরকারি বিমান সংস্থা প্রস্তুত বলেও তিনি জানান।

জানা গেছে, ভ্রমণের সময় যাত্রীরা শ্রীলঙ্কার ঐতিহ্যবাহী সেবা উপভোগের সুযোগ পাবেন। যার মধ্যে রয়েছে স্টেট অব দ্য আর্ট ইনফ্লাইট বিনোদন ব্যবস্থা, উন্নতমানের ও ঐতিহ্যবাহী খাবার, উষ্ণ আতিথেয়তা, আরামদায়ক আসন ইত্যাদি।